B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

Course Code: 60116

Course ID: AHBNG-603-DSE-3

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।** ৫ x ২ = ১০

ক) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল জ্ঞাপক ছত্রদু'টি উল্লেখ করো।

খ) মালাধর বসু কার কাছ থেকে 'গুণরাজ খান' উপাধি লাভ করেন ? তাঁর প্রকৃত নাম কী ?

গ) রূপানুরাগ বলতে কী বোঝ ?

ঘ) "চূড়াটি বাঁধিয়া উচ্চে" –পদটিতে কোন কোন ফুলে গাঁথা মালায় চূড়াটি বেষ্টিত ?

ঙ) তোমার পাঠ্য অভিসারের প্রস্তুতি-বিষয়ক পদটির ভণিতা অংশটি লেখো।

চ) "সুখের লাগিয়া   এ ঘর বাঁধিনু" – সমগ্র পদটিতে যে অলঙ্কার ব্যবহৃত হয়েছে তার সংজ্ঞা দাও।

ছ) ঘনরাম চক্রবর্তী কোন শতাব্দীর কবি ছিলেন ? তাঁর কাব্যের প্রকৃত নাম কী ?

জ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যে মোট কয়টি পালা ? দু'টি পালার নাম লেখো।

**২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।** ২ x ৫ = ১০

ক) মালাধর বসু 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের শেষে কলিযুগের যে স্বরূপ তুলে ধরেছেন তা ব্যক্ত করো।

খ) তোমার পাঠ্য জ্ঞানদাসের আক্ষেপানুরাগের পদ অবলম্বনে শ্রীরাধার আক্ষেপের স্বরূপ বিবৃত করো।

গ) তোমার পাঠ্য গৌরাঙ্গ-বিষয়ক পদটির ভাব-সৌন্দর্য বিশ্লেষণ করো।

ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্য অবলম্বনে লাউসেনের বীরত্ব সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।** ২ x ১০ = ২০

ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য অবলম্বনে শ্রীকৃষ্ণের বীরসত্তার পরিচয় দাও।

খ) তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে জ্ঞানদাসকে রোমান্টিক কবি বলা যায় কিনা তা আলোচনা করো।

গ) তোমার পাঠ্য গোবিন্দ দাসের অভিসার-বিষয়ক পদে প্রকৃতির ভূমিকা বিশ্লেষণ করো।

ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যে রাঢ়ের সমাজ-জীবন কতখানি প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো।

B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: রবীন্দ্রসাহিত্য

Course Code: 60116 Course ID: AHBNG-603-DSE-3

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।** ৫ x ২ = ১০

ক) 'প্রান্তিক' কাব্যগ্রন্থটি রবীন্দ্র-জীবনের কোন পর্যায়ের রচনা ? কাব্যটির প্রকাশকাল উল্লেখ করো।

খ) "নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস।" – কবিতাটি কোন পরিপ্রেক্ষিতে এবং কোথায় লেখা ?

গ) "ফ্যাশনটা হল মুখোশ,স্টাইলটা হল মুখশ্রী।" – কোন উপন্যাসে কার সম্পর্কে এ কথা বলা হয়েছে ?

ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে যে পাহাড়ের বর্ণনা আছে তার নাম কী ? লিসি ও সিসি কে ?

ঙ) 'ডাকঘর' নাটকের মোট দৃশ্য-সংখ্যা ক'টি ? রবীন্দ্রনাথ এই নাটকে কোন ভূমিকায় অভিনয় করতেন ?

চ) 'ডাকঘর' নাটকে বর্ণিত নদীটির নাম কী ? সেই নদীতীরে কে থাকত ?

ছ) 'তিনসঙ্গী'র গল্পগুলি কত খৃস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

জ) আভীকের আসল নাম কী ? সে কোন পেশায় যুক্ত ছিল ?

**২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।** ২ x ৫ = ১০

ক) তোমার পাঠ্য কবিতা অবলম্বনে 'প্রান্তিক' কাব্যে যে যুদ্ধের পরিপ্রেক্ষিত বর্ণিত আছে তা বুঝিয়ে লেখো।

খ) 'শেষের কবিতা' উপন্যাসে "অমিতের বিপরীত চরিত্র শোভনলাল" – মন্তব্যটি বিশ্লেষণ করো।

গ) 'ডাকঘর' নাটকের অমল চরিত্রটি শিশু-কেন্দ্রিক মনস্তাত্ত্বিকতার পরিচয়বাহী – মন্তব্যটি বুঝিয়ে লেখো।

ঘ) 'রবিবার' গল্পে অভীকের দু'টো উল্টোজাতের শখ ছিল – শখ দু'টোর পরিচয় দাও।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।** ২ x ১০ = ২০

ক) 'প্রান্তিক' কাব্যে তোমার পাঠ্য কবিতা অবলম্বনে কবির মৃত্যু উত্তীর্ণ জীবনবোধের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

খ) 'শেষের কবিতা' কাব্য-উপন্যাস হিসাবে কতখানি সার্থক তা আলোচনা করো।

গ) 'ডাকঘর' নাটকটি রূপক ও সাংকেতিক নাটক হিসাবে কতদূর তা বিচার্য আলোচনা করো।

ঘ) 'শেষকথা' গল্পে নবীনমাধব চরিত্রের প্রধান প্রধান প্রবণতাগুলি আলোচনা করো।

B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: আধুনিক বাংলা কবিতা

Course Code: 60116 Course ID: AHBNG-603-DSE-3

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যেকোনো পাঁচটি প্রশ্নের দাও-।** ৫ x ২ ১০ =

ক) "দূর সমুদ্র থেকে ভেসে আসে / বিষণ্ন নাবিকের গান।" – কার লেখা, কোন কবিতার পংক্তি ?

খ) "বণিক সভ্যতার শূন্য মরুভূমি।" -পঙক্তিটির অর্থ নিজের ভাষায় লেখো ।

গ) "এক আকালের মেয়ে তোমার / আর এক আকালের মুখে দাঁড়িয়ে / তোমাকেই সে খুঁজছে।" কার লেখা, কোন কবিতার পংক্তি ?

ঘ) "এক মাঘে শীত যায় না" – কোন কাব্যগ্রন্থের কবিতা? কাব্যগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো ?

ঙ) "সেই সৃষ্টিক্ষণ / স্রোতঃস্বন।" – এখানে 'স্রোতঃস্বন' শব্দের অর্থ কী?

চ) "আমরা তো অল্পে খুশি, / কী হবে দুঃখ করে?" – পঙক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো।

ছ) "মাসি পিসি" কবিতায় কবি কাদের মাসি পিসি বলেছেন ?

জ) 'মহুয়ার দেশ' কবিতায় মহুয়ার দেশ বলতে কী বোঝানো হয়েছে ?

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও ।** ২ x ৫ = ১০

ক) "মৃত্যুহীন প্রেম থেকে মুক্তি দাও / পৃথিবীতে নতুন পৃথিবী আনো।" পংক্তি দুটির ভাব ব্যাখ্যা করো।

খ) "অন্ধকারে হাতে হাতে গুঁজে দিই আমি / নিষিদ্ধ এক ইস্তেহার।" -ইস্তেহার নিষিদ্ধ কেন বুঝিয়ে লেখো।

গ) "এক মাঘে শীত যায় না" কবিতার বক্তব্য নিজের ভাষায় সংক্ষেপে লেখো।

ঘ) "আমারও নেই ঘর / আছে ঘরের দিকে যাওয়া।" – জীবনের অমোঘ এই সত্যের উপলব্ধি নিজের ভাষায় ব্যাখ্যা করো।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ১০ = ২০

ক) 'রোমান্টিকতা বর্জিত তীক্ষ্ণ ভাষা প্রয়োগে সাহিত্যজগতে আলোড়ন সৃষ্টি করেছিলেন সমর সেন।' – তোমার পাঠ্য কবিতাগুলির আলোকে এই মতের সত্যতা বিচার করো।

খ) "আধিপত্যকামী সাম্রাজ্যবাদী শাসকের অত্যাচার ও নিপীড়নের বিরুদ্ধে শাণিত ভাষায় গর্জন করলেও সুভাষ মুখোপাধ্যায়ের বক্তব্য কবিতাই, শ্লোগান নয়।" – আলোচনা করো।

গ) 'বড়বাবুর কাছে নিবেদন' কবিতায় কবি অমিয় চক্রবর্তী যাপিত জীবনের মধ্যে 'বাঁচবার সার্থকতা'কে যে ভাবে চিত্রিত করেছেন, তা নিজের ভাষায় লেখো।

ঘ) "আমার প্রতিদিনের জীবনে মনের ভেতর যে ভাষা জন্মায়, যে অভিজ্ঞতা জন্ম নেয়, তাকে ভাষা দেওয়ার চেষ্টা করি।" – তুমি কী মনে করো তোমার পাঠ্য জয় গোস্বামীর কবিতাগুলি এই মনন ধর্মেরই পরিচয়বাহী ? – তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।